

05 September, 2013

Page - 03

এনএসইউতে গ্রন্থাগার বিষয়ক সফটওয়্যার প্রশিক্ষণ কর্মশালা উদ্বোধন

গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ক সফটওয়্যার কোর্স এর ওপর পাঁচদিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠান সম্প্রতি নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের (এনএসইউ) সিডিকেট কক্ষে অনুষ্ঠিত হয়।

প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. আমিন ইউ সরকার এবং উপ উপাচার্য প্রফেসর ডঃ এ এন এম মেশকাত উদ্দিন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ লাইব্রেরিয়ানদের সংগঠন ব্যালিড এর চেয়ারম্যান ডঃ মির্জা মোহাম্মাদ রিয়াজুল ইসলাম এবং শুভেচ্ছা বক্তব্য রাখেন নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিয়ান ডঃ মোস্তাফিজুর রহমান।- বিজ্ঞপ্তি।